

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ৪২৩
আগরতলা, ১৫ জুন, ২০২৪

পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সাধারণ সভা

পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির সাধারণ সভা আজ পঞ্চায়েত সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মন্টি দেবনাথ, পঞ্চায়েত সমিতির সদস্য-সদস্যগণ, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য, পুরাতন আগরতলা ব্লকের বিডিও সৈকত সাহা এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল।

সভায় ব্লকের বিডিও চলতি অর্থবছরে পঞ্চায়েত উন্নয়ন তহবিল ও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে যেসমস্ত প্রকল্প রূপায়িত হচ্ছে তা তুলে ধরেন। পঞ্চায়েত উন্নয়ন তহবিল ও পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ব্লকের দুপুরা গ্রাম পঞ্চায়েতের গীতবিতান হলের সংস্কার, বিভিন্ন বিদ্যালয়ের শৌচালয় সংস্কার, অঙ্গনওয়াড়ি কেন্দ্র সংস্কারের কাজ করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ৩১ লক্ষ ৪ হাজার ৩৪৯ টাকা। বিডিও জানান, পুরাতন আগরতলা ব্লকে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে ৯টি কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এজন্য ব্যয় হবে ৩১ লক্ষ ৫৭ হাজার ৭৩৫ টাকা। প্রধানমন্ত্রী আবাস যোজনায় এখন পর্যন্ত ব্লকের ৩,৭৬০ পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরী দেওয়া হয়েছে।
